ফ্লাই এ্যাশ (ছাই) মুক্ত
রয়েল সিমেন্ট
ফাটল ও নোনা রোধী
যোগাযোগ : কবির মঞ্জিল, শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম। ০১৭০৮-১০৪৭৯৮

দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক

A গ্রেড ক্লিংকার
শুধুমাত্র কনফিডেন্স সিমেন্টই ব্যবহার করছে
কনফিডেন্সসিমেন্ট | আস্থা রাখুন
01755-550035, 01755-550036

সোমবার | ২২ আগস্ট ২০২২ | www.edainikazadi.net রেজি. নং-চ-৫৪ | ৬২তম বর্ষ ৩৩৬ সংখ্যা | ৭ ভাদ্র ১৪২৯ সাল | ২৩ মহররম ১৪৪৪ হিজরি | ৮ পৃষ্ঠা | ৭ টাকা

# ঘোড়াশাল টিআইসিআইয়ে প্রিমিয়ার ভার্সিটির শিক্ষার্থীদের প্রশিক্ষণ

বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন নরসিংদী ঘোড়াশালে অবস্থিত ট্রেনিং ইনস্টিটিউট ফর কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ (টিআইসিআই) এ প্রিমিয়ার ইউনিভার্সিটি তড়িৎ প্রকৌশল বিভাগের চতুর্থ বর্ষের শিক্ষার্থীদের 'ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ফর ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং এন্ড ইন্সট্রুমেন্টেশন' শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচি গতকাল ২১ আগস্ট টিআইসিআই অডিটোরিয়ামে সমাপ্ত হয়েছে। প্রযুক্তিক্ষেত্রে সমৃদ্ধ করতে টিআইসিআই নিয়মিতভাবে বিসিআইসির নিজস্ব কর্মকর্তাদের পাশাপাশি বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের নিয়মিতভাবে ট্রেনিং দিয়ে আসছে। এরই ধারাবাহিকতায় প্রিমিয়ার ভার্সিটির তড়িৎ প্রকৌশল বিভাগের ৪০ জন শিক্ষার্থী ২৯ জুলাই থেকে ২১ আগস্ট তিন সপ্তাহব্যাপী ট্রেনিং এ অংশগ্রহণ করে। সমাপনী দিনে প্রধান অতিথি ছিলেন টিআইসিআই এর নির্বাহী পরিচালক ড. মো. মহিউদ্দিন।

নির্বাহী প্রকৌশলী এহসানুল হক রাজুর সঞ্চালনায় ও ইলেক্ট্রিক্যাল বিভাগের চেয়ারম্যান মো. আরিফ হোসাইনের সভাপতিত্বে এতে বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির তড়িৎ প্রকৌশল বিভাগের সহকারী অধ্যাপক মোহাম্মদ



নরসিংদী ঘোড়াশালে ট্রেনিং ইনস্টিটিউট ফর কেমিক্যাল ইন্ডাস্ট্রিজে অতিথিদের সঙ্গে প্রিমিয়ার ইউনিভার্সিটির শিক্ষার্থীবৃন্দ

সাইফুদ্দিন মুন্না ও প্রভাষক সৌমেন দত্ত। প্রধান অতিথি বলেন, সরকারের সার্বিক সহযোগিতায় নির্মিত এই ট্রেনিং ইনস্টিটিউটে আমরা একটি দক্ষ জনশক্তি গড়ে তোলার জন্য বিগত ২০ বছর ধরে ট্রেনিং দিয়ে আসছি। তারই ধারাবাহিকতায় প্রিমিয়ার ইউনিভার্সিটির অত্যন্ত মেধাবী ৪০ জন শিক্ষার্থী এখান থেকে প্রশিক্ষণ সমাপ্ত করল। তারা প্রশিক্ষণের মাধ্যমে নিজেদেরকে কর্মক্ষেত্রে আরো সুদক্ষ হিসেবে গড়ে তুলবে বলে আমি বিশ্বাস করি। সবশেষে প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণকারীদের মাঝে সনদ বিতরণ করেন অতিথিবৃন্দ। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Daily Azadi, Date: 22 Aug 2022, Page: 3, Col: 4
https://www.edainikazadi.net/index.php?page=1&date=2022-08-22

চট্টগ্রাম সোমবার ২২ আগস্ট ২০২২
দৈনিক পূর্বকোণ
মুজিববর্ষে দেশসেরা আঞ্চলিকের স্বীকৃতিপ্রাপ্ত
রেজিঃ নম্বর-চ-৮৯।। ৩৭তম বর্ষ ১৮০ তম সংখ্যা।। ৭ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ।। ২৩ মহররম ১৪৪৪ হিজরি।। Monday 22 August 2022।। ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা
www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone



*নরসিংদী ঘোড়াশালে ট্রেনিং ইনস্টিটিউট ফর কেমিক্যাল ইন্ডাস্ট্রিজে অতিথিদের সাথে প্রিমিয়ার ইউনিভার্সিটি শিক্ষার্থীবৃন্দ*

# ঘোড়াশালে প্রিমিয়ার ভার্সিটি শিক্ষার্থীদের ট্রেনিং সম্পন্ন

বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন নরসিংদী ঘোড়াশালে অবস্থিত ট্রেনিং ইনস্টিটিউট ফর কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ (টিআইসিআই)-এ প্রিমিয়ার ইউ-নিভার্সিটি তড়িৎ প্রকৌশল বিভাগের চতুর্থ বর্ষের শিক্ষার্থীদের 'ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ফর ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং এন্ড ইন্সট্রুমেন্টেশন' শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচি গতকাল রবিবার, টিআইসিআই অডিটোরিয়ামে সমাপ্ত হয়েছে। সমাপনী দিনে প্রধান অতিথি ছিলেন টিআইসিআই-এর নির্বাহী পরিচালক ও ঘোড়াশাল পলাশ সার কারখানার ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মহিউদ্দিন। টিআইসিআই-এর নির্বাহী প্রকৌশলী এহসানুল হক রাজুর সঞ্চালনায় ও ইলেক্ট্রিক্যাল বিভাগের চেয়ারম্যান মো. আরিফ হোসাইনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির তড়িৎ প্রকৌশল বিভাগের সহকারী অধ্যাপক মোহাম্মদ সাইফুদ্দিন মুন্না ও প্রভাষক সৌমেন দত্ত।-বিজ্ঞপ্তি

Ref: Daily Purbokone, Date: 22 Aug 2022, Page: 3, Col: 1
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2022-08-22

১০ বছরে
দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

সোমবার
চট্টগ্রাম
২২ আগস্ট ২০২২
৭ ভাদ্র ১৪২৯
২৩ মহররম ১৪৪৪
বর্ষ-১০, সংখ্যা-২৩৯

পার্কভিউ হসপিটাল লিমিটেড
৯৪/১০৩, কাতালগঞ্জ রোড, পাঁচলাইশ, চট্টগ্রাম
24/7 চালু টেলিফোন ও মোবাইল নাম্বার সমূহ
টিএন্ডটি ফোন নাম্বার 02-334455071-6 02-334451901-6
মোবাইল নাম্বার 01976-022111 01976-022333
info@phlctg.com /parkviewhospitalctg parkview.com.bd

▶ শুভ সকাল
ডিজিটাল প্রক্রিয়ায় বীর মুক্তিযোদ্ধাদের কবর ব্যবস্থাপনার উদ্বোধন

▶ দশ কথার এক কথা
ইসি কাউকে পায়ে ধরে নির্বাচনে আনবে না : ইসি মো. আলমগীর

প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ
www.dailypurbodesh.com
৮ পৃষ্ঠা | ৭ টাকা

▶ চট্টগ্রামে শনাক্ত ১,২৮,৬৬৮ মৃত্যু ১,৩৬৯

▶ শেষ পাতায়
অনূর্ধ্ব-২০ নারী বিশ্বকাপের সেমিতে ব্রাজিলের মেয়েরা

# প্রিমিয়ার ইউনিভার্সিটির শিক্ষার্থীদের প্রশিক্ষণ

বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন নরসিংদী ঘোড়াশালে অবস্থিত ট্রেনিং ইনস্টিটিউট ফর কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ (টিআইসিআই)-এ প্রিমিয়ার ইউনিভার্সিটি তড়িৎ প্রকৌশল বিভাগের চতুর্থ বর্ষের শিক্ষার্থীদের 'ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ফর ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং এন্ড ইন্সট্রুমেন্টেশন' শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচি ২১ আগস্ট টিআইসিআই অডিটোরিয়ামে সমাপ্ত হয়েছে।

বাংলাদেশকে প্রযুক্তিক্ষেত্রে একটি সমৃদ্ধ জাতি হিসেবে গড়ে তুলতে টিআইসিআই নিয়মিতভাবে বিসিআইসির নিজস্ব কর্মকর্তাদের পাশাপাশি বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের নিয়মিতভাবে ট্রেনিং দিয়ে আসছে। এরই ধারাবাহিকতায় প্রতিবছরের ন্যায় প্রিমিয়ার ইউনিভার্সিটির তড়িৎ প্রকৌশল বিভাগের ২২, ২৩ ও ২৪তম ব্যাচের ৪০ জন শিক্ষার্থী ২৯ জুলাই থেকে ২১ আগস্ট পর্যন্ত তিন সপ্তাহব্যাপী প্রশিক্ষণে অংশগ্রহণ করে। শিক্ষার্থীদের ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং এর বিভিন্ন ব্যবহারিক দিক যেমন: পাওয়ার সিস্টেম ক্যালকুলেশন, ইন্ডাস্ট্রিয়াল সেফটি, ইন্ডাস্ট্রিয়াল অটোমেশন, ইলেকট্রিক্যাল সেইফটি, সুইচিং এন্ড প্রোটেক্টিভ ডিভাইস, ট্রান্সফরমার, ইলেক্ট্রিক্যাল মোটর, ট্রান্সমিটার, কন্ট্রোল সিস্টেম, বেয়ারিং, টারবাইন, মেশিন এলাইনমেন্ট, বয়লার এন্ড স্টিম সিস্টেম, পাওয়ার প্ল্যান্ট অপারেশন প্রসিডিওর-সহ ইন্সট্রুমেন্টেশনের বিভিন্ন দিক নিয়ে হাতে-কলমে প্রশিক্ষণ দেওয়া হয়।

সমাপনী দিনে প্রধান অতিথি ছিলেন টিআইসিআই এর নির্বাহী পরিচালক ও ঘোড়াশাল পলাশ সার কারখানার ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মহিউদ্দিন। টিআইসিআই এর নির্বাহী প্রকৌশলী এহসানুল হক রাজুর সঞ্চালনায় ও ইলেক্ট্রিক্যাল বিভাগের চেয়ারম্যান মো. আরিফ হোসাইনের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির তড়িৎ প্রকৌশল বিভাগের সহকারী অধ্যাপক মোহাম্মদ সাইফুদ্দিন মুন্না ও প্রভাষক সৌমেন দত্ত। প্রশিক্ষণে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জন করে শিক্ষার্থী রাকিবুল হাসান, মো. আলিমুদ্দিন ও উচ্ছ্বাস দেবনাথ। সবশেষে প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণকারীদের মাঝে সার্টিফিকেট বিতরণ করেন অতিথিরা। বিজ্ঞপ্তি



অতিথিদের সঙ্গে প্রিমিয়ার ইউনিভার্সিটি শিক্ষার্থীরা

Ref: Daily Purbodesh, Date: 22 Aug 2022, Page: 4, Col: 2
https://epurbodesh.com/index.php?date=22-08-2022&page=2

চট্টগ্রাম • সোমবার • ২২ আগস্ট ২০২২ • ৭ ভাদ্র ১৪২৯ • ২৩ মহরম ১৪৪৪ | ৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা | চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ১৯ সংখ্যা ৬

রূপান্তর নবযাত্রা ৩১

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

# সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH

suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

৩ সরকার মিথ্যা মামলাকে অস্ত্র হিসেবে ব্যবহার করছে

৫ তিনিই সহকারী তিনিই প্রধান শিক্ষক

৬ ১৬ ম্যাচ জিতে দীপক হুদার বিশ্বরেকর্ড



**হাওয়া সিনেমার পাশে দাঁড়ালেন মাহি**

দেশের সিনেমায় নতুন জোয়ার এনেছে 'হাওয়া'। মেজবাউর রহমান সুমন পরিচালিত এই সিনেমা দর্শকের হৃদয় জয় করেছে।

বিস্তারিত ▶ পৃষ্ঠা ৮



ঘোড়াশালে প্রিমিয়ার ইউনিভার্সিটির কৃতি শিক্ষার্থীদের সাথে প্রশিক্ষকবৃন্দ

## ঘোড়াশালে প্রিমিয়ার ইউনিভার্সিটির শিক্ষার্থীদের ট্রেনিং সম্পন্ন

বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন নরসিংদী ঘোড়াশালে অবস্থিত ট্রেনিং ইনস্টিটিউট ফর কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ (টিআইসিআই)-এ প্রিমিয়ার ইউনিভার্সিটি তড়িৎ প্রকৌশল বিভাগের চতুর্থ বর্ষের শিক্ষার্থীদের 'ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ফর ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং এন্ড ইন্সট্রুমেন্টেশন' শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচি ২১ আগস্ট টিআইসিআই অডিটোরিয়ামে শেষ হয়েছে। দেশকে প্রযুক্তিক্ষেত্রে একটি সমৃদ্ধ জাতি হিসেবে গড়ে তুলতে টিআইসিআই নিয়মিতভাবে বিসিআইসির নিজস্ব কর্মকর্তাদের পাশাপাশি বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের নিয়মিতভাবে ট্রেনিং দিয়ে আসছে। এরই ধারাবাহিকতায় প্রতিবছরের ন্যায় প্রিমিয়ার ইউনিভার্সিটির তড়িৎ প্রকৌশল বিভাগের ২২, ২৩ ও ২৪তম ব্যাচের ৪০ জন শিক্ষার্থী ২৯ জুলাই থেকে ২১ আগস্ট পর্যন্ত তিন সপ্তাহব্যাপী ট্রেনিংয়ে অংশগ্রহণ করে। সমাপনী দিনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন টিআইসিআই-এর নির্বাহী পরিচালক ও ঘোড়াশাল পলাশ সার কারখানার ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মহিউদ্দিন। টিআইসিআই-এর নির্বাহী প্রকৌশলী এহসানুল হক রাজুর সঞ্চালনায় ও ইলেক্ট্রিক্যাল বিভাগের চেয়ারম্যান মো. আরিফ হোসাইনের সভাপতিত্বে এই অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির তড়িৎ প্রকৌশল বিভাগের সহকারী অধ্যাপক মোহাম্মদ সাইফুদ্দিন মুন্না ও প্রভাষক সৌমেন দত্ত।

প্রধান অতিথি বলেন, বাংলাদেশ সরকারের সার্বিক সহযোগিতায় নির্মিত এই ট্রেনিং ইনস্টিটিউটে আমরা একটি দক্ষ জনশক্তি গড়ে তোলার জন্য বিগত ২০ বছর ধরে ট্রেনিং দিয়ে আসছি। তারই ধারাবাহিকতায় তারা প্রশিক্ষণের মাধ্যমে নিজেদের কর্মক্ষেত্রে আরো সুদক্ষ হিসেবে গড়ে তুলবে বলে আমি বিশ্বাস করি। আমাদের বিভিন্ন ল্যাবরেটরিতে তাদের পারফরম্যান্স ছিল অত্যন্ত আশাব্যঞ্জক। বিজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 22 Aug 2022, Page: 4, Col: 6
https://esuprobhat.com/index.php?page=1&date=2022-08-22